দৈনিক ইত্তেফাক

তারিখ ... 17 JAN 1990 ...
পৃষ্ঠা ... কলাম ...

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় খুলিয়াছে ॥ চাকসু নির্বাচনের তৎপরতা

॥ সংবাদদাতা ॥

গতকাল (মঙ্গলবার) চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় খোলার পর আসন্ন ছাত্র সংসদ নিবাচন লইয়া বিভিন্ন (শেষ পৃঃ ৮-এর কঃ দ্রঃ)

## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

( ১ম পৃঃ পর )

ছাত্র সংগঠন ও জোটের তৎপরতা বৃদ্ধি পাইয়াছে। গত ১৪ই জানুয়ারী সবদলীয় ছাত্র ঐক্যের প্যানেল নির্ধারণের যে বৈঠব হওয়ার কথা ছিল তাহা ছাত্রলীগ (হা-অ) এবং ছাত্র ইউনিয়নের নেতৃবৃন্দের অনুপস্থিতির জন্য অনুষ্ঠিত হয় নাই। পরের দিন অর্থাৎ ১৫ই জানুয়ারীর বৈঠকে আগের দিনের উক্ত ছাত্র সংগঠন দুইটির নেতৃবৃন্দের অনুপস্থিতির কারণ জানিতে চাওয়া হয় এবং অনিয়মিত ছাত্রদের নিবাচনে অংশগ্রহণের ব্যাপারে আলোচনা করা হয়। ছাত্রলীগ (হা-অ) এবং ছাত্রইউনিয়ন অনিয়মিত ছাত্রদের নির্বাচনে অংশগ্রহণের তীব্র বিরোধিতাকরে। অন্যান্য ছাত্র সংগঠনের মধ্যে ছিল জাতীয়তাবাদী ছাত্রদল, ছাত্রলীগ (হা-অ), ছাত্র ইউনিয়ন, ছাত্রলীগ (ব-আ), জাতীয় ছাত্রলীগ, গণতান্ত্রিক ছাত্র ইউনিয়ন, বিপ্লবী ছাত্র মৈত্রী, ছাত্র ফেডারেশন।

এদিকে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ছাত্র দল নেতৃবৃন্দ বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ঘোষিত আগামী ১৮ই জানুয়ারীর মধ্যে তৃতীয় বর্ষে ভর্তির জন্য যে বিজ্ঞপ্তি দিয়াছে তাহা আগামী ২৫শে জানুয়ারী পর্যন্ত বর্ধিত করার দাবী জানাইয়াছে।

গতকাল হইতে বিশ্ববিদ্যালয়ের ক্লাসসমূহ যথারীতি শুরু হইয়াছে। হলসমূহে শতকরা ৭৫ ভাগ ছাত্র-ছাত্রী ফিরিয়া আসিয়াছে